bdnews24.com

# পরিবেশ দূষণ বন্ধে উত্তরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মানববন্ধন

*ইউনিভার্সিটি সংলগ্ন এলাকায় মানববন্ধনের পাশাপাশি ক্যাম্পাসের আশেপাশে পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি পালন করেছেন শিক্ষার্থীরা।*

নিজস্ব প্রতিবেদক
বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম
Published: 07 Oct 2024, 08:28 PM

Source: bdnews24.com




তুরাগ নদ দখল, অপরিকল্পিতভাবে বালু ব্যবসা করে পরিবেশ দূষণের প্রতিবাদে মানববন্ধন করেছে উত্তরা ইউনিভার্সিটির শিক্ষার্থীরা।

সোমবার উত্তরা ইউনিভার্সিটি সংলগ্ন এলাকায় এ মানববন্ধনের পাশাপাশি ক্যাম্পাসের আশেপাশে পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি পালন করেছেন তারা।

উত্তরা ইউনিভার্সিটির সোশ্যাল সার্ভিস ক্লাব ও এনভারমেন্ট ক্লাব এই মানববন্ধনের আয়োজন করে। পৃষ্ঠপোষক হিসেবে ছিল উত্তরা ইউনিভার্সিটির এফডিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন।

মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন ক্যাম্পাসের পাশে অবৈধভাবে বালুর ব্যবসা করা হচ্ছে। এতে শিক্ষার্থীরা স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছে। তাদের পড়ালেখা বিঘ্নিত হচ্ছে। বিষয়টি নিয়ে একাধিকবার চিঠি দিলেও কোনো কাজ হয়নি।

উত্তরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা, উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানরা এ সময় উপস্থিত ছিলেন।